

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৩.২৩.১৩

তারিখ: ৯ মাঘ ১৪৩০

২৩ জানুয়ারি ২০২৪

বিষয়: অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২৩-২৪ মৌসুমে চাল সরবরাহে ব্যর্থ চালকল মালিকদের বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২৩-২৪ মৌসুমে চাল সরবরাহে ব্যর্থ চালকল মালিকদের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

ক) অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২৩-২৪ মৌসুমে যে সকল মিলমালিক চুক্তিকৃত পরিমাণের ১০০% এর কম পরিমাণ চাল সরবরাহ করবে সে সকল মিলমালিকগণের সম্পূর্ণ জামানত বাজেয়াপ্ত করা। সেক্ষেত্রে সরবরাহের তারিখ শেষ হওয়ার ৭ (সাত) কর্মদিবসের মধ্যে ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

খ) যে সকল মিলমালিক চুক্তি সম্পাদন করেন নাই সে সকল মিলমালিকগণকে অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২৪ মৌসুমে চুক্তিতে অন্তর্ভুক্ত না করা এবং তদন্তপূর্বক লাইসেন্স বাতিলের ব্যবস্থাকরণ।

২। এমতাবস্থায়, উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৪-১-২০২৪

মোঃ লুৎফর রহমান

উপসচিব

ফোন: +৮৮০২৯৫৪৫৫৬৬

ফ্যাক্স: +৮৮০২৯৫১৫০২৫

ইমেইল:

internalproc@mofood.gov.bd

মহাপরিচালক (গ্রেড-১)

খাদ্য অধিদপ্তর

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৩.২৩.১৩/১(৩)

তারিখ: ৯ মাঘ ১৪৩০

২৩ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
- ২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়



২৪-১-২০২৪
মোঃ লুৎফর রহমান
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.২৩.১৬

তারিখ: ১৪ মাঘ ১৪৩০
২৮ জানুয়ারি ২০২৪

মন্ত্রণালয়ের পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

২৯-১-২০২৪

মোঃ জহিরুল ইসলাম

অতিরিক্ত পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ইমেইল: dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.২৩.১৬/১(৮৫)

তারিখ: ১৪ মাঘ ১৪৩০
২৮ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২) বিভাগীয় কমিশনার (সকল)
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য
- ৬) উপসচিব, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ৯) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য



২৯-১-২০২৪

মোঃ জহিরুল ইসলাম

অতিরিক্ত পরিচালক (চলতি দায়িত্ব)